অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

বৃহস্পতিবার থেকে শনিবার পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের বেশিরভাগ অংশে উল্লেখযোগ্য তুষারপাত সহ আঘাত হানার আশংকা থাকা শীতকালীন ঝড়ের প্রতি সাড়া দেওয়ার জন্যগভর্নর হোকলের স্টেটের সম্পদ মোতায়েন

বৃহস্পতিবার বিকেল থেকে তুষারপাত শুরু হবে যা নর্থ কান্ট্রি, মোহাক ভ্যালি ও রাজধানী অঞ্চলে এক ফুট পর্যন্ত বরফ জমা হতে পারে বলে আশংকা করা হচ্ছে, এবং এসব অঞ্চলের উঁচু জায়গাগুলোতে শনিবার পর্যন্ত প্রায় দুই ফুট পর্যন্ত বরফ জমা হতে দেখা যাবে

সেন্ট্রাল নিউ ইয়র্ক ও সাদার্ন টিয়ার অঞ্চলের কিছু অংশে শনিবার পর্যন্ত 8 থেকে 12 ইঞ্চি বরফ জমা হতে পারে; ঝড়ের সময় প্রতি ঘণ্টায় 1 থেকে 2 ইঞ্চি হারে তুষারপাত হতে পারে বলে আশংকা করা হচ্ছে

স্টেট সংস্থার সাড়াদান কার্যক্রম সমন্বয় করতে এবং স্থানীয় সরকারগুলোর সহায়তার অনুরোধে সাড়াদানের ব্যবস্থা করতে বৃহস্পতিবার থেকে স্টেট ইমার্জেন্সি অপারেশনস সেন্টার সক্রিয় হচ্ছে

গভর্নর হোকল বৃহস্পতিবার সন্ধ্যায় ও শুক্রবারে প্রভাবিত অঞ্চলগুলোতে অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থাকার জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন, কারণ ভারী, ভেজা তুষারপাতের কারণে ভ্রমণের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ অবস্থা এবং বিদ্যুৎ বিভ্রাট দেখা দিতে বলে আশংকা করা হচ্ছে

স্টেট সংস্থাগুলো শুক্রবার রাত থেকে শুরু করে লেক এরি ও অন্টারিওতে লেক ইফেক্ট তুষারপাত আঘাত হানার সম্ভাবনা তদারকি করা অব্যাহত রাখবে

বৃহস্পতিবার থেকে শনিবার পর্যন্ত সময়ের মধ্যে এক ফুট বা তার বেশি উঁচু হয়ে বরফ জমা হওয়ার আশংকা থাকায় গভর্নর ক্যাথি হোকল আজ প্রভাবিত অঞ্চলগুলোতে স্টেটের জরুরি সাড়া প্রদানকারী সম্পদ মোতায়েন করেছেন। এই ঝড় নর্থ কান্ট্রি, মোহাক ভ্যালি ও রাজধানী অঞ্চলের কিছু অংশে শনিবার নাগাদ 12 থেকে 18 ইঞ্চি পর্যন্ত বরফ জমা হওয়ার কারণ হবে বলে পূর্বাভাস পাওয়া গেছে, যেখানে বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার পর্যন্ত তুষারপাতের সর্বোচ্চ হার প্রতি ঘণ্টায় এক থেকে দুই ইঞ্চি পর্যন্ত হতে পারে। স্টেটের বেশিরভাগ অংশে এই

ঝড়ের কারণে কমপক্ষে কয়েক ইঞ্চি বরফ জমা হবে, যেখানে সেন্ট্রাল নিউ ইয়র্ক ও সাদার্ন টিয়ার অঞ্চলে এক ফুট পর্যন্ত বরফ জমা হবে বলে আশংকা করা হচ্ছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ও ফিঙ্গার লেকস অঞ্চলের কিছু অংশে বৃহস্পতিবার থেকে তুষারপাত, বৃষ্টি, ও বরফের শীতকালীন মিশ্রণ দেখতে পাওয়া শুরু হয়েছে। বৃহস্পতিবার বিকেলে সবচেয়ে ভারী তুষারপাত শুরু হওয়ার সময় প্রভাবিত অঞ্চলগুলোতে ভ্রমণের অবস্থা বিপজ্জনক থাকবে। আগামী কয়েক দিন ধরে সবচেয়ে তীব্র তুষারপাত হওয়া কিছু অঞ্চলে বিদ্যুৎ বিভ্রাট দেখা দেওয়ার সম্ভাবনা রয়েছে। গভর্নর হোকল বৃহস্পতিবার সন্ধ্যায় ও শুক্রবারে নিউ ইয়র্কবাসীদেরকে যেকোনো অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থেকে বাড়িতে অবস্থান করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন এবং এই একই সময়ে জরুরি সাড়া প্রদানকারী সম্পদ পরিবহন ব্যবস্থা থেকে তুষার ও বরফ সরানোর জন্য কাজ করবে।

"ঝড়ের আগে প্রস্তুতি নেওয়া কতটা গুরুত্বপূর্ণ তা আমাদের জানা আছে, এবং নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদে থাকেন সে বিষয়টি নিশ্চিত করার জন্য এই উইকএন্ডে স্টেট সংস্থাগুলো সার্বক্ষণিকভাবে কাজ করে যাওয়ার জন্য প্রস্তুত রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা যাতে আমাদের কাছে থাকা প্রতিটি সংস্থান কাজে লাগাতে পারি সে বিষয়টি নিশ্চিত করতে আমার টিম স্টেটজুড়ে ঝড়ের অবস্থা তদারকি করা চালিয়ে যাবে, এবং আমরা প্রভাবিত অঞ্চলগুলোর সবার প্রতি আজ রাতে ও আগামীকাল অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থাকার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। সম্ভব হলে বাড়িতে বসে কাজ করুন, রাস্তায় চলাচল করবেন না, এবং আপনি ও আপনার প্রিয়জন যাতে সতর্ক থাকেন সে বিষয়টি নিশ্চিত করুন।"

ঝড়ের প্রতি সাড়াদানের জন্য নিম্নলিখিত সম্পদগুলো প্রস্তুত রয়েছে:

- প্লাউ ট্রাক: 2,084
- টো প্লাউ: 61
- লোডার: 400
- স্নো ব্লোয়ার: 42
- গ্রেডার: 19
- লবণ: DOT এবং থ্রুওয়ে-এর লবণের শেডগুলো ঝড়ের জন্য পুরোপুরি মজুদ করে রাখা হয়েছে
- মোতায়েনকৃত কর্মী: 4,129
- ইউটিলিটি কর্মী: সাড়াদানের জন্য 6,500 জন পর্যন্ত লভ্য রয়েছে

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "স্টেটের কিছু অংশে ইতোমধ্যে শুরু হয়ে যাওয়া তুষারপাত মোকাবেলার জন্য আমরা বেশ ভালোভাবে প্রস্তুত আছি। যদি আপনি ভ্রমণ করার কথা বিবেচনা করেন, তাহলে আগামী কয়েক দিন আপনার স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের প্রতি গভীর মনোযোগ দিন। নির্দিষ্ট কিছু অঞ্চলে সড়কের অবস্থা বিপজ্জনক হবে। যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, তাহলে অগ্রিম পরিকল্পনা করুন, পর্যাপ্ত সময় নিন, এবং জেনে রাখুন যে বৃহস্পতিবার রাত ও শুক্রবারে যাতায়াতের অবস্থা বেশ বিশৃঙ্খল হবে।"

এছাড়াও গভর্নর হোকল শুক্রবার রাত থেকে শুরু হওয়ার আশংকা থাকা পৃথক একটি লেক ইফেক্ট তুষারপাতের জন্য প্রস্তুতি নেওয়ার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন, যে তুষারপাতের ফলে লেক এরি ও লেক অন্টারিও এলাকায় এই উইকএন্ডে প্রতি ঘণ্টায় দুই ইঞ্চি হারে তুষারপাত হয়ে এক থেকে দুই ফুট পর্যন্ত বরফ জমা হতে পারে।

শনিবার পর্যন্ত স্টেটের বেশিরভাগ অংশের জন্য একাধিকবার আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পরামর্শ জারি করা হয়েছে। আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পর্যবেক্ষণ ও সতর্কবার্তার পূর্ণাঙ্গ তালিকা পেতে, জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইটে ভিজিট করুন এবং সিটি বা জিপ কোড দিয়ে আপনার এলাকা অনুসন্ধান করুন।

স্টেট এজেন্সির প্রস্তুতি

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস স্টেট সংস্থাগুলোর সাড়াদান কার্যক্রম সমন্বয় করছে এবং প্রস্তুতি নিশ্চিত করতে স্থানীয় সরকারগুলোর সঙ্গে যোগাযোগ রক্ষা করছে। ঝড়ের প্রতি সাড়াদান কার্যক্রম এবং ভ্রমণের অবস্থা তদারকি করার জন্য বৃহস্পতিবার বিকেলে স্টেটের ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার সক্রিয় করা হবে। স্থানীয় সরকারগুলোকে ঝড়ের সাথে সম্পর্কিত প্রয়োজনগুলো পূরণে সহায়তা করার জন্য স্টেটের মজুদ থেকে সম্পদ মোতায়েন করার জন্য স্টেটের অফিস অব ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) প্রস্তুত রয়েছে। পারস্পরিক সহায়তার অনুরোধে সাড়া দেওয়ার জন্য স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তরে (Office of Fire Prevention and Control) সরঞ্জাম ও কর্মীরা প্রস্তুত রয়েছে।

পরিবহন বিভাগ (Department of Transportation)

আসন্ন বিরূপ আবহাওয়ার সময়ে সাড়া দেওয়ার জন্য পরিবহন বিভাগে বর্তমানে স্টেটজুড়ে 3,450 জন সুপারভাইজার ও অপারেটর প্রস্তুত রয়েছেন।

সংকটপূর্ণ এলাকাগুলোতে তুষার ও বরফ সরানোর কাজে সহায়তা করার জন্য 33 জন প্লাউ ট্রাক অপারেটর, দুইজন সুপারভাইজার, ও নয়জন ইকুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর সহ মোট 44 জন কর্মী মোতায়েন করা হচ্ছে। তাদেরকে নিম্নোক্ত উপায়ে বন্টন করা হয়েছে:

- **ক্যাপিটাল রিজিয়ন:**
  -ফিঙ্গার লেকস থেকে দুইজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
  -লং আইল্যান্ড থেকে একজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
  -DOT-এর প্রধান কার্যালয় থেকে একজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
- **মোহক ভ্যালি:**
  -লং আইল্যান্ড থেকে আটজন প্লাউ অপারেটর পাচ্ছে
- **সেন্ট্রাল NY:**
  - লং আইল্যান্ড থেকে 25 জন প্লাউ অপারেটর ও দুই জন সুপারভাইজার পাচ্ছে

- **নর্থ কান্ট্রি:**
  -ওয়েস্টার্ন NY থেকে দুইজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
  -রাজধানী অঞ্চল থেকে একজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
- **সাউদার্ন টিয়ার**
  -লং আইল্যান্ড থেকে দুইজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে

পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সম্পদ বরাদ্দের প্রয়োজন পুনর্মুল্যায়ন করা হবে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1,732টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 339টি বৃহৎ লোডার
- 52টি টো প্লাউ
- 39টি স্নো ব্লোয়ার

সেইসাথে, নিম্নলিখিত কাউন্টিগুলোতে ঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া প্রধান ভ্রমণ করিডরগুলোতে DOT টো সার্ভিসের ব্যবস্থা করবে: I-84 (অরেঞ্জ), I-84 (পাটনাম), I-684 (পাটনাম), I-81 (ওনোনডাগা), I-81 (ব্রুম), I-88 (ব্রুম), I-86 (ব্রুম), NY 17 (ব্রুম), NY 206 (ডেলাওয়ার), NY 28 (ডেলাওয়ার), NY 17 (সালিভান, দুইটি লোকেশন), I-390 (স্টিউবেন), এবং I-86 (চেমুং)। হাচিনসন রিভার পার্কওয়ে, ক্রস কাউন্টি পার্কওয়ে, স মিল রিভার পার্কওয়ে, স্প্রেইন ব্রুক পার্কওয়েতে টো সার্ভিস কাজে লাগানো হবে।

ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, 511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

থ্রুওয়ে কর্তৃপক্ষ
থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) কর্মীরা আসন্ন শীতকালীন ঝড়ের পূর্বাভাস নিবিড়ভাবে তদারকি করছে এবং লভ্য 679 জন অপারেটর ও সুপারভাইজারকে সঙ্গে নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। স্টেটব্যাপী সরঞ্জামের সংখ্যা ও সংস্থানসমূহ:

- 352টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- 9টি টো প্লাউ
- 61টি লোডার

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে।

স্টেট পুলিশ
স্টেট পুলিশ অবস্থা তদারক করবে এবং ঝড়ের ফলে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত হওয়া এলাকাগুলোতে বাড়তি টহলের ব্যবস্থা করবে। সব ফোর-হুইল ড্রাইভ ও বিশেষায়িত যানবাহন, যেমন ইউটিলিটি টাস্ক ভেহিকেল ও স্নোমোবাইল সেবায় নিয়োজিত রয়েছে।

জনসেবার বিভাগ (Department of Public Service)
ক্ষতি মূল্যায়ন, তার পাহারা দেওয়া, সাড়া প্রদান, মেরামত, ও সংস্কার কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে স্টেটজুড়ে আনুমানিক 6,500 জন কর্মী রয়েছে। এর মধ্যে জাতীয় গ্রিড কর্তৃক নিযুক্ত করা বাড়তি 515 জন বহিরাগত কর্মী, NYSEG এবং RG&E কর্তৃক নিযুক্ত করা 400 জন বহিরাগত কর্মী, সেন্ট্রাল হাডসন থেকে নিযুক্ত 50 জন বহিরাগত কর্মী, এবং অরেঞ্জ ও রকল্যান্ড কর্তৃক নিযুক্ত 50 জন বহিরাগত কর্মী অন্তর্ভুক্ত রয়েছে। DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি ব্যবস্থাপনা কর্মী, এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়া দ্বারা প্রভাবিত হওয়া এলাকা ও অবকাঠামোগুলোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। DEC সকল সংস্থান মোতায়েনের জন্য এজেন্সির অংশীদারদের সাথে সমন্বয় করছে এবং যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

DEC ব্যাককান্ট্রি ব্যবহারকারীদেরকে শীতকালীন অবস্থা সম্পর্কে সচেতন থাকার জন্য এবং প্রস্তুতি নেওয়ার জন্য পরামর্শ দিচ্ছে। আপনার শারীরিক সক্ষমতা বা গন্তব্য নির্বিশেষে শীতকালীন হাইকিং ও স্কিয়িং এর জন্য নিরাপত্তা ও প্রস্তুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আরো বেশি উপভোগ্য এবং অধিকতর নিরাপদ অভিজ্ঞতার জন্য শীতকালীন অবস্থার জন্য যথাযথভাবে প্রস্তুতি নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভারী তুষারপাত চলাকালীন সময়ে এবং এর পরে তাৎক্ষণিকভাবে উন্মুক্ত, খোলামেলা এলাকা যেমন অনাবৃত পর্বতের চূড়ায় গমন করবেন না এবং উন্মুক্ত ঢালের উপরে বা কাছাকাছি ভ্রমণ করার সময় অনেক বেশি সতর্ক থাকুন। ঘরের বাইরে নিরাপদ থাকা সম্পর্কে বাড়তি তথ্য DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

DEC বৃহৎ পরিমাণে তুষার অপসারণ ও পরিত্যাগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং বরফের অন্যান্য অবশিষ্টাংশের মতো দূষণকারী পদার্থ দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যাতে মেনে চলেন। স্থানীয় খাঁড়ি এবং ঝর্ণাতে তুষার ফেললে এর ফলে বরফের বাঁধ সৃষ্টি হতে পারে যা কাছের এলাকায় বন্যার কারণ হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে ঝড় চলাকালীন এবং এর পরে এইসব নিরাপত্তা বিষয়ে সচেতন হতে হবে।

আজ এর আগে, গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে ঝড়ের জন্য প্রস্তুতি নিতে সাহায্য করার জন্য নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ প্রদান করেছেন।

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর ওয়েবসাইটেআরো নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ পাওয়া যাবে ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418